অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/1/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটে জলবায়ু প্রযুক্তি উদ্ভাবন এবং প্রস্তুতকরণ অগ্রসর করার জন্য দুইটি কোম্পানিকে বাছাই করলেন

উদ্যোক্তা এবং স্টার্টআপসমূহকে সংস্থান, সরবরাহ চেইন অংশীদার এবং প্রস্তুতকারকদের সাথে সংযুক্ত করে দেওয়ার কর্মসূচি পরিচালনা করবে ADL ভেঞ্চার্স এবং সেকেন্ডমিউজ

2050 সালের মধ্যে গ্রিনহাউস গ্যাস নির্গমন 85 শতাংশ কমাতে জলবায়ু নেতৃত্ব এবং সম্প্রদায় সুরক্ষা আইনের লক্ষ্যকে সমর্থন করে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক স্টেটে জলবায়ু প্রযুক্তি উদ্ভাবন এবং প্রস্তুতকরণ অগ্রসর করার জন্য ADL ভেঞ্চার্স (ADL Ventures) এবং সেকেন্ডমিউজকে (SecondMuse) বাছাই করা হয়েছে। কোম্পানি দুইটি যথাক্রমে ক্লাইমেটটেক গ্রোথ প্ল্যাটফর্ম (ClimateTech Growth Platform) এবং ম্যানুফ্যাকচারিং কর্পস (Manufacturing Corps, M-Corps) কর্মসূচির বিকাশ ও পরিচালনা করবে যা উদ্যোক্তা এবং স্টার্টআপসমূহকে স্টেটব্যাপী সম্প্রদায়সমূহের সংস্থান, সরবরাহ চেইন অংশীদার, এবং প্রস্তুতকারকদের সাথে সংযুক্ত করে দিবে, যেখানে সুবিধাবঞ্চিত এলাকায় সংযোগকে অগ্রাধিকার প্রদান করা হবে। আজকের ঘোষণাটি 2050 সালের মধ্যে 85 শতাংশ গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করার জলবায়ু নেতৃত্ব ও সম্প্রদায় সুরক্ষা আইনের (Climate Leadership and Community Protection Act) লক্ষ্যকে সমর্থন করে।

"উদ্ভাবনী প্রযুক্তিতে নিউ ইয়র্কের অব্যাহত বিনিয়োগ জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে আমাদের লড়াইকে অগ্রসর করে এবং একই সাথে অর্থনৈতিক প্রবৃদ্ধির বীজ বপন করে," **গভর্নর হোকল বলেন।** "আমাদের বহু উদ্যোক্তা সম্পর্কিত এবং প্রস্তুতকারক সংস্থানকে বিশ্বব্যাপী কোম্পানিসমূহের সাথে সংযুক্ত করে দেওয়ার সুযোগ তৈরি করা হলে তা সেরা সমাধান পেতে সাহায্য করবে, যা পরে স্টেটজুড়ে নিঃসরণ হ্রাস করতে নিউ ইয়র্কে প্রয়োগ করা যাবে।"

এই সুযোগগুলির মাধ্যমে, নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষ (New York State Energy Research and Development Authority, NYSERDA) দুই অর্থপ্রাপককে মোট 12 মিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রদান করবে যা তারা ক্লাইমেটটেক গ্রোথ প্ল্যাটফর্মের অধীনে প্রাথমিক পর্যায়ের কোম্পানিগুলিকে ব্যবসায়িক সংস্থান প্রদান করতে এবং এম-কর্পস কর্মসূচির মাধ্যমে জলবায়ু প্রযুক্তি স্কেল করতে প্রদান করতে পারবে। এই কর্মসূচি দুইটি নিউ ইয়র্ক স্টেটের

ভবন, পরিবহন, শিল্পখাত থেকে নিঃসরণ হ্রাস করতে এবং বৈদ্যুতিক গ্রিড আধুনিকায়িত করতে নতুন প্রযুক্তি পাওয়ার ব্যাপারে একটি মুখ্য ভূমিকা পালন করবে।

ক্লাইমেটটেক গ্রোথ প্ল্যাটফর্ম পরিচালনা করার জন্য ADL ভেঞ্চার্সকে 4.5 মিলিয়ন মার্কিন ডলার তহবিল প্রদান করা হয়েছে এবং তারা প্রাক বাণিজ্যিকীকরণ এবং বিকাশ পর্যায়ের কোম্পানিগুলিকে গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করার প্রযুক্তির বাণিজ্যিকীকরণে সাহায্য করতে ব্যবসায়িক সংস্থানের একটি ব্যাপ্তি প্রদান করবে। এই সংস্থান ও সেবার মধ্যে রয়েছে উপদেষ্টার সমর্থন, বাজারের বুদ্ধিমত্তা, এবং তহবিল উত্তোলন ও আর্থিক সমর্থন, এবং সেই সাথে প্রতিযোগিতামূলকভাবে প্রদত্ত 2 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত অনুদান। সংস্থানের মধ্যে থাকবে তথ্যপ্রাপ্তি সরল করা এবং সিদ্ধান্ত গ্রহণে সাহায্য করার জন্য একটি অনলাইন পোর্টাল তৈরি, এবং মূলধন খুঁজে পাওয়া, দল গঠন, গ্রাহক সেবা, এবং মেন্টরশিপের মতো গতানুগতিক বাজারে প্রবেশ প্রতিবন্ধকতা দূর করতে সাহায্য করার জন্য অংশীদারিত্ব।

স্টার্টআপসমূহকে নিঃসরণ হ্রাস বা শক্তি খরচ হ্রাস করার প্রযুক্তির উৎপাদন স্কেল করতে সাহায্য করার জন্য সংস্থানের সাথে এম-কর্পস কর্মসূচির মাধ্যমে সংযুক্ত করে দিতে সেকেন্ডমিউজ 3.7 মিলিয়ন মার্কিন ডলার তহবিল ব্যবহার করবে। এম-কর্পস কর্মসূচি এছাড়াও স্টেটের মধ্যে একটি সরবরাহকারীর নেটওয়ার্ক গঠন করবে যাতে সহযোগিতা ও নতুন অংশীদারিত্ব সৃষ্টি করার জন্য উদ্ভাবনী জলবায়ু প্রযুক্তির কোম্পানিগুলির সাথে সরাসরি প্রস্তুতকারক এবং সরবরাহকারীদের সংযুক্ত করে দেওয়া যায়। কর্মসূচিটি স্থানীয় ও বৈশ্বিক কোম্পানির জন্য উন্মুক্ত হবে এবং পুরো নিউ ইয়র্ক স্টেটে সেবা উপলভ্য থাকবে, সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে সংযোগ ও সুযোগকে অগ্রাধিকার প্রদানের উপর জোর দেওয়া হবে।

ক্লাইমেটটেক গ্রোথ প্ল্যাটফর্মটি NYSERDA এর সফল পরিচ্ছন্ন শক্তি ইনকিউবেটর কর্মসূচির (Clean Energy Incubator program) উত্তরসূরি, যা পুরো স্টেটে বিনিয়োগকারী, মেন্টর, বিকাশ অংশীদার, এবং বাণিজ্যিকীকরণ সংস্থান পাওয়ার সুযোগ সৃষ্টি করেছে। পাশাপাশি, এটি হবে এম-কর্পস কর্মসূচির তৃতীয় পুনরাবৃত্তি, যা নিউ ইরাক স্টেটে বাজারজাতকরণের জন্য সফলভাবে নতুন পণ্য নিয়ে আসার জন্য প্রস্তুতকারক বিকাশ সম্পর্কিত মুখ্য সিদ্ধান্ত গ্রহণে কোম্পানিগুলিকে সাহায্য করে। NYSERDA সমর্থিত এম-কর্পসের পূর্বের সংস্করণগুলি 2017 সাল থেকে জলবায়ু প্রযুক্তি উদ্ভাবন অগ্রসর করতে সাহায্য করছে।

নিউ ইয়র্ক স্টেটের শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন, "ADL ভেঞ্চার্স এবং সেকেন্ডমিউজের সাথে NYSERDA এর অংশীদারিত্ব পরিচ্ছন্ন শক্তি শিল্পখাতের মধ্যে এমন সহযোগিতা অনুপ্রাণিত করবে যা জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে নতুন হাতিয়ার আবিষ্কারকে উৎসাহিত করবে এবং পরিচ্ছন্ন প্রযুক্তির ব্যবসা সমৃদ্ধ করতে পারবে এমন একটি অবস্থান হিসেবে নিউ ইয়র্ক স্টেটকে তুলে ধরবে। এইসব কর্মসূচিগুলির মাধ্যমে করা সংযোগ আমাদের উদ্ভাবনী ইকোসিস্টেমে সবথেকে নতুন প্রযুক্তি অগ্রসর করতে সাহায্য করে এবং একই সাথে সকল নিউ ইয়র্কবাসীর জন্য আরো টেকসই একটি অর্থনীতির বিকাশ করবে।"

নিউ ইয়র্ক স্টেট জনসেবা কমিশনের (New York State Public Service Commission) প্রধান রোরি এম. ক্রিস্টিয়ান বলেন, "গভর্নর হোকলের নেতৃত্বের অধীনে, নিউ ইয়র্ক একটি

পরিচ্ছন্ন প্রযুক্তি শিল্পখাত বিকাশ ও জোরদার করতে কাজ করে যাচ্ছে। এই দুইটি কোম্পানি, এবং এখানে ইতিমধ্যে বিদ্যমান আরো অনেক কোম্পানি জলবায়ু পরিবর্তনের সাথে লড়াই করতে সাহায্য করবে এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য নতুন অর্থনৈতিক বিকাশের সুযোগ নিয়ে আসবে।"

ADL ভেঞ্চার্সের পার্টনার ক্রিস রিচার্ডসন বলেন, "ক্লাইমেটটেক গ্রোথ প্ল্যাটফর্মটি একটি বৈশ্বিক ভেঞ্চার বিকাশ কর্মসূচি যা একটি গতিশীল ডিজিটাল সম্প্রদায়ে প্রায় 100টি উদ্ভাবনী স্টার্টআপের পেছনের মাথা ও প্রযুক্তিকে একত্রিত করার মাধ্যমে নিউ ইয়র্ক স্টেট এবং এরই বাইরেও জলবায়ুর ক্ষেত্রে ব্যাপক পরিবর্তন এনে দিবে। ADL ভেঞ্চার্স এবং অভিজ্ঞ উদ্যোক্তাদের জন্য আমাদের ইকোসিস্টেম সকল পর্যায়ের জলবায়ু স্টার্টআপকে তাদের বিকাশ প্রকৌশল পরিশীলিত করতে, বাজারে পৌঁছাতে, এবং কর্পোরেট গ্রাহক ও বিনিয়োগকারীদের সাথে সংযুক্ত হতে সাহায্য করবে, যা জলবায়ু সঙ্কট সমাধান করতে সাহায্য করবে এমন পণ্য ও সমাধানের পরবর্তী প্রজন্মের স্কেলিং করার জন্য মুখ্য হবে।"

সেকেন্ডমিউজের সহ প্রধান নির্বাহী কর্মকর্তা টড খোজেইন বলেন, "গ্রহকে রক্ষা করা এবং উদ্ভাবনী কর্মসূচির মাধ্যমে আরো ভালো ভবিষ্যৎ তৈরি করার প্রয়াসে উদ্যোক্তা ও সংগঠনসমূহকে সমর্থন করার জন্য সেকেন্ডমিউজ নিবেদিত। জলবায়ু প্রযুক্তি, স্থানীয় বর্জ্য ব্যবস্থাপনা, রিসাইকেল করা, এবং অন্যান্য মুখ্য জলবায়ু খাতের জন্য তহবিল উত্তোলন সম্পর্কিত সমস্যা মোকাবেলা করার উপর আমাদের মনোযোগ থাকবে। কোম্পানিগুলিকে একটি ইতিবাচক প্রভাব ফেলতে এবং তাদের জলবায়ু লক্ষ্য অর্জন করতে দিবে এমন সমাধান আমরা খুঁজতে চাই। NYSERDA এর সাথে আমাদের অংশীদারিত্ব নবায়ন করা বাস্তব জীবনের সমস্যা সমাধানে এবং নতুন ও উদ্ভাবনী জলবায়ু প্রযুক্তি কাজে লাগাতে সেকেন্ডমিউজের প্রতিশ্রুতি পুনরায় নিশ্চিত করে। NYSERDA এবং স্কেল ফর ক্লাইমেটটেক কর্মসূচির সাথে আমাদের সহযোগিতামূলক কাজের মাধ্যমে একটি টেকসই গ্রহ তৈরির দিকে আমাদের যাত্রা অব্যাহত রাখতে পেরে এবং জলবায়ু সঙ্কট সমাধানে অবদান রাখতে পেরে আমরা আনন্দিত।"

অর্থনীতিব্যাপী কার্বন নিরপেক্ষতার স্টেট লক্ষ্য অর্জন করার জন্য প্রয়োজনীয় নিম্ন নিঃসরণ এবং কার্বন সিকোয়েস্টারিং প্রযুক্তি ত্বরান্বিত করছে এমন উদ্ভাবকদের সমর্থন করার জন্য গবেষণা, বিকাশ ও বাণিজ্যিকীকরণে নিউ ইয়র্ক স্টেট যে বিনিয়োগ করছে তার ভিত্তিতে আজকের ঘোষণা সম্ভব হয়েছে। NYSERDA এর উদ্ভাবন কর্মসূচিটি অনুদান ও র‍্যাপঅ্যারাউন্ড বাণিজ্যিকীকরণ সমর্থনের মাধ্যমে সরাসরি বিনিয়োগ হিসেবে 10 বছরের বেশি সময় ধরে 800 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করছে। 680 মিলিয়ন ডলারেরও বেশি বেসরকারি বিনিয়োগ এবং 200 মিলিয়ন ডলারেরও বেশি প্রকল্পের আর্থিক মূলধন সক্রিয় করা হয়েছে, এবং NYSERDA-এর প্রযুক্তি এবং ব্যবসায়িক উন্নয়ন বিনিয়োগের ফলস্বরূপ 450টিরও বেশি উদ্ভাবনী নির্মল বিদ্যুৎ পণ্য বাণিজ্যিকীকরণ করা হয়েছে, যার মধ্যে রয়েছে LED লাইটিং সিস্টেম, গৃহস্থালী সরঞ্জাম, আরো দীর্ঘস্থায়ী ব্যাটারি, এবং আরো দক্ষ হিটিং-ও-কুলিং সিস্টেম।

স্টেটের 10 বছরের 6 বিলিয়ন মার্কিন ডলার পরিচ্ছন্ন শক্তি তহবিল (Clean Energy Fund) থেকে এইসব উদ্যোগের অর্থায়ন করা হচ্ছে। এই অর্থায়নের ব্যাপারে আরো তথ্য NYSERDA এর ওয়েবসাইটে পাওয়া যাবে।

নিউ ইয়র্ক স্টেটের দেশের-নেতৃস্থানীয় জলবায়ু পরিকল্পনা
নিউ ইয়র্ক স্টেটের দেশ-নেতৃস্থানীয় জলবায়ুর এজেন্ডা একটি সুশৃঙ্খল এবং ন্যায্য পরিবর্তন করার আহ্বান জানায় যা পরিবারকে টিকিয়ে রাখার কর্মসংস্থা তৈরি করে, সকল সেক্টরে একটি গ্রিন ইকোনমি গড়ে তোলাকে অব্যাহত রাখে এবং নিশ্চিত করে যে 40 শতাংশের লক্ষ্য রেখে কমপক্ষে 35 শতাংশের পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগের সুবিধাগুলো সুবিধাবঞ্চিত কমিউনিটির দিকে পরিচালিত হয়। দেশের সবচেয়ে আগ্রাসী জলবায়ু ও নির্মল জ্বালানি উদ্যোগগুলোর দিকনির্দেশনায়, নিউ ইয়র্ক 2040 সালের মধ্যে শূন্য-নির্গমনসম্পন্ন বিদ্যুৎ খাত অর্জনের পথে রয়েছে, যার মধ্যে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং শতাব্দীর মাঝামাঝি সময়ের মধ্যে অর্থনীতিজুড়ে কার্বন নিরপেক্ষতা অর্জন করা অন্তর্ভুক্ত রয়েছে। এই পরিবর্তনের একটি ভিত্তি হলো নিউ ইয়র্কের অভূতপূর্ব নির্মল জ্বালানি বিনিয়োগ, যার মধ্যে রয়েছে স্টেট জুড়ে 120টি বড়-মাত্রার নবায়নযোগ্য ও বিতরণের প্রকল্পে 35 বিলিয়ন মার্কিন ডলারের বেশি, বিল্ডিং থেকে নির্গমন হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন মার্কিন ডলার, সৌর বিদ্যুতের মাত্রা বৃদ্ধি করার জন্য 3.3 বিলিয়ন মার্কিন ডলার, নির্মল পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন মার্কিন ডলারের বেশি, এবং NY গ্রীন ব্যাংক-এর প্রতিশ্রুতিতে 2 বিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ। এগুলো ও অন্যান্য বিনিয়োগ 2021 সালে নিউ ইয়র্কের নির্মল জ্বালানি খাতে 165,000 এরও বেশি চাকরি, এবং 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 3,000 শতাংশের বেশি প্রবৃদ্ধিতে সহায়তা করছে। এছাড়া, গ্রিনহাউস গ্যাস নির্গমন কমানো এবং বায়ুর মান উন্নত করার জন্য, নিউ ইয়র্ক শূন্য-নির্গমনসম্পন্ন যানবাহন সম্পর্কিত বিধিমালা গ্রহণ করেছে, যার মধ্যে 2035 সালের মধ্যে স্টেটে বিক্রি হওয়া সব যাত্রীবাহী গাড়ি ও হালকা ট্রাক শূন্য-নির্গমনসম্পন্ন হওয়া আবশ্যক হওয়ার বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। অংশীদারিত্বগুলো বায়ু দূষণকে টার্গেট করতে এবং জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে সাহায্য করার জন্য স্টেটজুড়ে প্রায় 400টি নিবন্ধিত ও 100টির বেশি সার্টিফাইড ক্লাইমেট স্মার্ট কমিউনিটি, প্রায় 500টি ক্লিন এনার্জি কমিউনিটি, এবং 10টি সুবিধাবঞ্চিত কমিউনিটিতে স্টেটের বৃহত্তম কমিউনিটি এয়ার মনিটরিং ইনিশিয়েটিভের মাধ্যমে নিউ ইয়র্কের জলবায়ু পদক্ষেপকে এগিয়ে নিয়ে যাচ্ছে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন